৭/৮/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৪ কলাম ... ৩ .....

দৈনিক ইত্তেফাক

# স্কুল কলেজ পরিচালনায় রাজনীতিকদের অন্তর্ভুক্ত না করার আহ্বান

**ইত্তেফাক রিপোর্ট ॥** স্কুল-কলেজ পরিচালনায় রাজনীতিকদের অন্তর্ভুক্ত না করা এবং শিক্ষার মান ও শিক্ষকদের পেশাগত

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## স্কুল-কলেজ পরিচালক

(শেষ পৃষ্ঠার পর)

মর্যাদা উন্নয়নের লক্ষ্যে শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল সোমবার শিক্ষা সচিবের নিকট ১০টি একাডেমিক ও ১৫টি পেশাগত প্রস্তাব পেশ করিয়াছে। একাডেমিক প্রস্তাবে প্রচলিত পাবলিক পরীক্ষার উপযোগিতা মূল্যায়নে আন্তঃ ও বহিঃ পরীক্ষা সমন্বয়ের লক্ষ্যে অবিলম্বে টাস্কফোর্স গঠন, জাতীয় পরীক্ষা নীতি প্রণয়ন, শিক্ষকদের পৃথক জাতীয় বেতন স্কেল প্রদান, ইংরেজী, গণিত ও বিজ্ঞান বিষয়সমূহের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ ইত্যাদি রহিয়াছে।